

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

২০২২-২৩

সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের চতুর্থ ত্রৈমাসিক প্রতিবেদনঃ

গত ১৪/০৫/২০২৩ খ্রি: তারিখে সকাল ১১.০০ ঘটিকায় অন-লাইন প্ল্যাটফর্ম জুম এর মাধ্যমে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এনওসিএস শ্যামলী, ডিপিডিসি মহোদয়ের সভাপতিত্বে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি'র একটি সভা অনুষ্ঠিত হয় (স্মারক নং ৮৭.২১৮.৪৫০.০০.০০.১২.২০২৩.৩২৫; তারিখ: ১১/০৫/২০২৩ খ্রি:)। উক্ত সভায় কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্বাহী প্রকৌশলী, এনওসিএস খিলগাঁও ও সদস্য সহকারী ব্যবস্থাপক (আইসিটি), রেভিনিউ উপস্থিত ছিলেন। উক্ত সভার গৃহীত সিদ্ধান্তসমূহ ও তার বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপঃ

১) সঠিক সময়ের মধ্যে নতুন সংযোগ সেবা প্রাদন :

সিদ্ধান্তঃ

ডিপিডিসি'র এনওসিএস শ্যামলী, এনওসিএস আদাবর ও এনওসিএস খিলগাঁও এ সেবা প্রদান প্রতিশ্রুতি তে উল্লেখিত সময় অনুযায়ী সঠিক সময়ের মধ্যে নতুন সংযোগ লোড বৃদ্ধি সহ সকল সেবা (নমুনা হিসাবে নতুন সংযোগ) সঠিক সময়ের মধ্যে প্রদান করা যাচ্ছে কি না সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি সরজমিনে পরিদর্শন করবে এবং সঠিকভাবে প্রতিপালনের জন্য দিক নির্দেশনা প্রদান করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

পর্যবেক্ষণঃ

কমিটি কর্তৃক গত ১৫/০৬/২০২৩ খ্রি. তারিখে ডিপিডিসি'র এনওসিএস শ্যামলী, এনওসিএস আদাবর ও এনওসিএস খিলগাঁও দপ্তরে সিটিজেন চার্টার মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি তে উল্লেখিত সময় অনুযায়ী নতুন সংযোগ, লোড বৃদ্ধি সহ সকল সেবা (নমুনা হিসাবে নতুন সংযোগ) সঠিক সময়ের মধ্যে প্রদান করা যাচ্ছে কি না তা পর্যবেক্ষণ করা হয়। পর্যবেক্ষণে দেখা যায়, বর্ণিত ০৩টি এনওসিএস দপ্তর কর্তৃক সিটিজেন চার্টার মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতি তে উল্লেখিত সময় অনুযায়ী নতুন সংযোগ, লোড বৃদ্ধি সহ সকল সেবা সঠিক সময়ের মধ্যে প্রদান করা হচ্ছে (কমিটি'র প্রতিবেদন ও প্রমাণক সংযুক্ত)।

সার্বিক পর্যবেক্ষণঃ

সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত সঠিকভাবে বাস্তবায়ন করা হয়েছে। পরবর্তী সময়েও সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকতে নির্দেশনা প্রদান করা হয়েছে।


২০.০৬.২৩


(মোঃ তানভীর আহমেদ)
সহকারী ব্যবস্থাপক
(আইসিটি),

ও
সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ,
ডিপিডিসি।


২০.০৬.২৩

(তানভীর আহমেদ সিদ্দিকি)
নির্বাহী প্রকৌশলী
এনওসিএস খিলগাঁও, ডিপিডিসি।

ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সেবা প্রদান প্রতিশ্রুতি
পরিবীক্ষণ, ডিপিডিসি।


২০.০৬.২৩

(মোহাম্মদ কামরুজ্জামান শামীম)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
এনওসিএস সার্কেল, শ্যামলী, ডিপিডিসি।

ও
আহ্বায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ,
ডিপিডিসি।